

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৭০৮(আগরতলা, ১৪।১৭)  
কমলপুর, ১৪ নভেম্বর, ১৭

### সালেমা কলোনী উচ্চ বিদ্যালয় দ্বাদশ শ্রেণীতে উন্নীত

সালেমা ব্লকের উত্তর কচুছড়া গ্রাম পঞ্চায়েতের সালেমা কলোনী উচ্চ বিদ্যালয়কে দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। গত ১১ নভেম্বর বিধায়ক ললিত দেববর্মা এর উদ্বোধন করে বক্তব্য রাখতে গিয়ে বর্তমানে দেশের শিক্ষা পরিকাঠামোর সাথে রাজ্যের শিক্ষার পরিকাঠামোর পার্থক্য তুলে ধরেন। তিনি বলেন, রাজ্য সরকার সবচেয়ে বেশি অর্থ শিক্ষা খাতেই ব্যয় করে থাকে। এই অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক অঞ্জন দাস, এম ডি সি বদরভূম হালাম, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রণতি দাস, কমলপুর বিদ্যালয় পরিদর্শক অভিজিৎ সিন্হা প্রমুখ। সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান বাবুল দাস।

উল্লেখ্য, ধলাই নদীর পূর্ব পাড়ের এই বিদ্যালয়টি দ্বাদশ শ্রেণীতে উন্নীত হবার ফলে উত্তর কচুছড়া, দক্ষিণ কচুছড়া, মেচুরিয়া, শিম্বুকচাক, ডাববাড়ী প্রভৃতি গ্রামের ছাত্রছাত্রীরা বিশেষভাবে উপকৃত হবে।

\*\*\*\*